সংবাদ
২৮/৯/০৭

# রাজশাহী বিশ্ববিদ্যালয়
# ভর্তি বিজ্ঞপ্তি
## ১ম বর্ষ স্নাতক সম্মান
## শিক্ষাবর্ষ ঃ ২০০৭-২০০৮

মেমো নং এ-১৯১৬-৪/২-১(২০০৭-২০০৮) তারিখ ঃ ২০-০৯-২০০৭.

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনপত্র ২৪-০৯-২০০৭ থেকে ০৮-১০-২০০৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনপত্র ওয়েবসাইট www.ru.ac.bd/ জাতীয় ও স্থানীয় দৈনিকে প্রকাশিত হবে।

আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ওয়েবসাইটে/খবরের কাগজে প্রকাশিত প্রাথমিক আবেদনপত্র ৮.৫"X১৩.৫" (লিগ্যাল সাইজ) অফসেট কাগজে কপি করে নগদ ৳ ১০০/-(একশত) প্রাথমিক আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

আবেদনকারী ছাত্রছাত্রী প্রাথমিক আবেদনপত্র জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।

আবেদনকারী ছাত্রছাত্রী নাট্যকলা ও সঙ্গীত বিভাগে ভর্তির জন্য ১. নাট্যকলা ও ২. সঙ্গীত শাখাদ্বয়ে ১ম বর্ষ স্নাতক সম্মানে ভর্তি পরীক্ষা দেবার জন্য আলাদা আলাদা প্রাথমিক আবেদনপত্র জমা দিবে।

ভর্তি যোগ্যতা ঃ

ক. বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের-
এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট জিপিএ ৭.৫ (৪র্থ বিষয়সহ); তবে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষাতেই ন্যূনতম জিপিএ ৩.৫ (৪র্থ বিষয়সহ) পেতে হবে।

খ. মানবিক ও বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের -
এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট জিপিএ ৬.৫ (৪র্থ বিষয়সহ); তবে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট জিপিএ ৬.৫ (৪র্থ বিষয়সহ); তবে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষাতেই ন্যূনতম জিপিএ ৩.০ (৪র্থ বিষয়সহ) পেতে হবে।

গ. O লেভেল ও A লেভেল পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীদেরকে উভয় পরীক্ষায় ন্যূনতম B পেতে হবে।

বি:দ্র: * বিজ্ঞান শাখা থেকে অন্য শাখায় গেলে সেক্ষেত্রে বিজ্ঞান শাখার নির্ধারিত যোগ্যতা থাকতে হবে।
* এসএসসি সনাতন পদ্ধতিতে পাশকৃত ছাত্র-ছাত্রীরা প্রাথমিক আবেদনপত্র পেশ করতে পারবে না।

যোগ্যতাসম্পন্ন ছাত্রছাত্রীরা সংশ্লিষ্ট অনুষদের বিভাগসমূহে আবেদন করতে পারবে। এছাড়াও তারা কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ অনুষদের বিষয়সমূহে এবং মানবিক ও বাণিজ্য শাখার ছাত্রছাত্রীরা ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে এবং মানবিক শাখার ছাত্রছাত্রীরা মনোবিজ্ঞান বিভাগে এবং বিজ্ঞান, মানবিক অথবা বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরিসংখ্যান অথবা গণিত বিষয়ে পাস নম্বর থাকলে তারা পরিসংখ্যান বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিক আবেদনপত্র পেশ করতে পারবে।

২০০৬ ও ২০০৭ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান, আলিম, ডিপ্লোমাইন-কমার্স, বিএফএ (প্রাক), ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার টেকনোলজি), ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার এবং O লেভেল ও A লেভেল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষার জন্য প্রাথমিক আবেদনপত্র পেশ করতে পারবে।

বিভাগ কর্তৃক কোন শর্ত আরোপিত হলে তা ভর্তির যোগ্যতার আওতাভুক্ত হবে। সংশ্লিষ্ট বিষয় বিভাগ নির্ধারণ করবে, কিন্তু উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গঠিত বিষয়ের পূর্ণমান ভর্তি পরীক্ষার আবেদনের শর্ত হিসেবে বিবেচিত হবে না।

যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সে বিভাগ থেকে বিভাগের আরোপিত শর্ত, যদি থাকে, তা অবশ্যই ছাত্রছাত্রীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

আদিবাসী/উপজাতি প্রার্থীদের অবশ্যই তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদেরকে তাদের পিতার বা মাতার মুক্তিযুদ্ধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির রিপোর্টের ভিত্তিতে ভর্তির বিষয়াদি বিবেচনা করা হবে।

কোন অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচিত হবে না।

যে যে বিভাগে ভর্তি করা হবে ঃ

১. কলা অনুষদ ঃ ১) দর্শন ২) ইতিহাস ৩) ইংরেজি ৪) বাংলা ৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬) ভাষা ক. উর্দু খ. ফার্সী গ. সংস্কৃত ৭) আরবী ৮) চারুকলা ৯) ইসলামিক স্টাডিজ ১০) ফোকলোর ১১) নাট্যকলা ও সঙ্গীত -ক নাট্যকলা খ. সঙ্গীত।

২। আইন অনুষদ ঃ আইন ও বিচার

৩। বিজ্ঞান অনুষদ ঃ ১) গণিত ২) পদার্থবিজ্ঞান ৩) রসায়ন ৪) পরিসংখ্যান ৫) ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ৬) ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি ৭) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান ৮) ফার্মেসী ৯) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ১০) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ১১) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ১২) ফলিত গণিত ১৩) ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড টেকনোলজি

৪। বিজনেস স্টাডিজ অনুষদ ঃ ১) হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা ২) ব্যবস্থাপনা ৩) মার্কেটিং ৪) ফাইন্যান্স ও ব্যাংকিং

৫। সামাজিক বিজ্ঞান অনুষদ ঃ ১) অর্থনীতি ২) রাষ্ট্রবিজ্ঞান ৩) সমাজকর্ম ৪) সমাজবিজ্ঞান ৫) গণযোগাযোগ ৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট ৭) লোক প্রশাসন ৮) নৃবিজ্ঞান

৬। জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ ঃ ১) ভূগোল ও পরিবেশবিদ্যা ২) মনোবিজ্ঞান ৩) উদ্ভিদবিজ্ঞান ৪) প্রাণিবিদ্যা ৫) ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা

৭। কৃষি অনুষদ ঃ ১) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি ২) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন ৩) ফিশারীজ ৪) এনিমেল হাজবেন্ড্রী এন্ড ভেটেরিনারি সায়েন্স ৫) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি

প্রাথমিক আবেদনপত্রে, প্রবেশপত্রে এবং মূল ভর্তি ফরমে (ভর্তির জন্য নির্বাচিত হলে মূল ভর্তি ফরম পূরণ করতে হবে) প্রার্থীর একই স্বাক্ষর থাকতে হবে ও একই ফটো অবশ্যই 'আইকা' গাম অথবা সাদা স্বচ্ছ স্কচ টেপ দিয়ে লাগাতে হবে। ভিন্ন স্বাক্ষর বা ভিন্ন ফটো থাকলে মূল ভর্তি ফরম বাতিল করা হবে। বিশেষ কোটায় ভর্তির ক্ষেত্রে প্রাথমিক আবেদনপত্র জমা দেয়ার সময় ঐ বিশেষ কোটার নাম সুনির্দিষ্ট না করলে এবং তৎসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির দলিলাদি জমা না দিলে পরবর্তীতে বিশেষ শ্রেণীভুক্তির কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

প্রাথমিক আবেদনপত্রের সাথে মাধ্যমিক/সমমান পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মার্কশীট ও এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ফটো সংযুক্ত করতে হবে। তবে ভর্তির জন্য নির্বাচিত হলে মূল ভর্তি ফরমের সঙ্গে নিম্নলিখিত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে-

ক. মাধ্যমিক /সমমান পরীক্ষার মূল মার্কসশীট
খ. উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল মার্কসশীট
গ. শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র
ঘ. পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ (দুই) কপি ফটো।

বিভাগ কর্তৃক ভর্তির সময় যখন মূল ভর্তি ফরম ও সংযুক্ত দলিলাদি পরীক্ষা-নিরীক্ষা করা হবে তখন উল্লিখিত মূল মার্কসশীট এবং অন্যান্য দলিলাদি বিভাগীয় অফিসে দেখাতে হবে।

দেয় তথ্যাদি যদি ভুল প্রমাণিত হয় তবে তার ভর্তি বাতিল হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভর্তিকৃত সেমিস্টার পদ্ধতির ছাত্রছাত্রীরা ক্লাশ শুরুর তারিখ থেকে ১৫ (পনের) দিন এবং নন-সেমিস্টার পদ্ধতির ছাত্রছাত্রীরা ক্লাশ শুরুর তারিখ থেকে ১(এক) মাসের মধ্যে ক্লাশে উপস্থিত না হলে বা বিভাগীয় অফিসের সাথে যোগাযোগ না করলে তাদের ভর্তি বাতিল বলে গণ্য হবে। যথাক্রমে পরবর্তী ১৫(পনের) দিন/১(এক) মাসের মধ্যে ঐ শূন্য আসনসমূহে বিভাগীয় অফিস ভর্তির নিয়মনীতি অনুসরণ করে ভর্তি করতে পারবে।

১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী ১২-১১-২০০৭ তারিখ থেকে অনুষ্ঠিত হবে।

সি - ২৬৯১ (১৫X৩) রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)